**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 12.08.2024 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) কর্তব্যরত অবস্থায় তরুণী পড়ুয়া ডাক্তারকে ধর্ষণ ও খুনের ঘটনার প্রতিবাদে এবং নিরাপত্তার দাবিতে আন্দোলন আরও তীব্র হয়েছে।

# RG KAR-এর ঘটনার প্রতিবাদে আজ দেশজুড়ে হাসপাতালগুলিতে ধর্মঘটের ডাক দিয়েছে ফেডারেশন অফ রেসিডেন্ট ডক্টর্স অ্যাসোসিয়েশন।

বিভিন্ন মেডিকেল কলেজ হাসপাতালের জুনিয়র ডাক্তাররা কর্মবিরতি পালন করছেন।

২/ বিজেপি আরজিকর মেডিকেল কলেজের অধ্যক্ষকে অবিলম্বে বরখাস্ত এবং তার পদ থেকে সরিয়ে দেওয়ার দাবি জানিয়েছে।

৩/ ৭৮-তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে সারা দেশে শুরু হয়েছে 'হর ঘর তিরঙ্গা' অভিযান। চলবে ১৫ই আগস্ট পর্যন্ত।

৪/ ওড়িশায় বাংলার পরিযায়ী শ্রমিকদের ওপর আক্রমণের ঘটনায় রাজ্য সরকার উদ্বিগ্ন।

৫/ কলকাতা সহ পশ্চিমবঙ্গের সব জেলাতেই আজ থেকে দুদিন হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস।

*****************************************************************

আর জি কর হাসপাতালে কর্তব্যরত ডাক্তারি পড়ুয়ার নৃশংস হত্যা ও ধর্ষণের প্রতিবাদে আন্দোলন আরো তীব্র হয়েছে।

ঘটনার প্রতিবাদে 'ফেডারেশন অফ রেসিডেন্ট ডক্টর্স অ্যাসোসিয়েশন' আজ দেশজুড়ে ধর্মঘটের ডাক দিয়েছে। হাসপাতালগুলিতে একাধিক পরিষেবা বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে তারা। তবে, জরুরী পরিষেবা চালু থাকবে।

'রেসিডেন্ট ডক্টর্স অফ ওয়েস্টবেঙ্গল' এক প্রেস বিজ্ঞপ্তিতে তাদের ৬'দফা দাবীর কথা জানিয়েছে। এর মধ্যে রয়েছে ফাস্ট ট্র্যাক বিচার বিভাগীয় তদন্ত ও দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি, স্বচ্ছ তদন্ত, প্রিন্সিপাল সহ সব দায়িত্বপূর্ণ আধিকারিকদের পদত্যাগ, কলকাতা পুলিশ প্রতিবাদী ছাত্রদের ওপর যে ঘৃণ্য অত্যাচার চালিয়েছে, তার জন্য ক্ষমা প্রার্থনা, নিহত ডাক্তারির পড়ুয়া ছাত্রীর পরিবারকে ক্ষতিপূরণ ও কর্মক্ষেত্রে যথাযথ নিরাপত্তা সুনিশ্চিত করা। তাদের দাবী পূরণ না হ ওয়া পর্যন্ত তারা কর্মবিরতি চালিয়ে যাবেন।

'ওয়েস্ট বেঙ্গল ডক্টরস ফোরামে'র পক্ষ থেকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে লেখা এক চিঠিতে PGT তরুণীকে ধর্ষণ ও খুনের ঘটনায় প্রকৃত সত্য প্রকাশের জন্য পাঁচ দফা দাবী জানিয়েছে। ওই চিঠিতে বলা হয়েছে- ঘটনার সত্য উদ্ঘাটনে নিরপেক্ষ তদন্ত কমিটি গঠন করতে হবে। ওই কমিটিকে, ঘটনার সঙ্গে প্রত্যক্ষ বা অপ্রত্যক্ষভাবে জড়িতদের সম্পর্কে ৭২ ঘন্টার মধ্যে রিপোর্ট পেশ করতে হবে। আর জি কর মেডিক্যাল কলেজের প্রিন্সিপাল ডাক্তার সন্দীপ ঘোষকে সাসপেন্ড অথবা হাসপাতাল থেকে সরাতে হবে। পোস্টমর্টেম রিপোর্ট ও সি সি টি ভি ফুটেজ প্রকাশ্যে আনতে হবে। ঘটনায় যারা যুক্ত, তাদের 'মৃত্যুদন্ড' ও স্বাস্থ্য পরিষেবার সঙ্গে যুক্ত সকলের নিরাপত্তা সুনিশ্চিত করতে হবে।

এদিকে, ঘটনার প্রতিবাদে PSU /RYF /NBMS-এর মতো কিছু সংগঠন আজ বিকেল চারটেয় আর জি করের হাসপাতালের সামনে বিক্ষোভ মিছিল ও সভার আয়োজন করেছে।

অবিলম্বে আর জি কর কর্তৃপক্ষের পদত্যাগের দাবীতে আজ বিকেলে নাগরিক মিছিলের আয়োজন করা হয়েছে।

***********************

আর জি কর-এর ঘটনার প্রতিবাদে কলকাতা সহ রাজ্যের বিভিন্ন মেডিকেল কলেজ হাসপাতালে গতকালও জুনিয়র ডাক্তাররা কর্মবিরতি পালন করেন ।
চলে জেলায় জেলায় প্রতিবাদ-বিক্ষোভ।

বর্ধমান, রামপুরহাট, মালদা, বাঁকুড়া, উত্তবঙ্গ সহ বিভিন্ন মেডিকেল কলেজ হাসপাতালের জুনিয়ার ডাক্তার ও স্বাস্থ্য কর্মীরা কর্মবিরতি চালিয়ে যাচ্ছেন। তবে, জরুরী পরিষেবা চালু রয়েছে।

এদিকে, পিজিটি তরুণীকে ধর্ষণ ও খুনের ঘটনায় ধৃত সঞ্জয় রায়-এর প্রভাবশালী হয়ে ওঠা নিয়ে বিজেপি-র রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার মুখ্যমন্ত্রীকেই দায়ী করেছেন।

( বাইট – সুকান্ত)

CPIM-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী বলেন, সরকার ওই নৃশংস ঘটনা ধামাচাপা দেওয়ার চেষ্টা করছে।

(বাইট- সুজন )

আগেই জানানো হয়েছে, কর্তব্যরত অবস্থায় তরুণী পড়ুয়া ডাক্তারকে ধর্ষণ ও খুনের ঘটনার প্রতিবাদে এবং নিরাপত্তার দাবিতে আন্দোলন আরও তীব্র করেছেন কলকাতার RG KAR মেডিকেল কলেজ হাসপাতালের জুনিয়ার ডাক্তাররা। তাঁরা জানিয়েছেন, প্রশাসন তাদের দাবি না মানলে হাসপাতালের জরুরী এবং সাধারণ পরিষেবা বন্ধ থাকবে। ঘটনার বিচারবিভাগীয় তদন্ত, ভিডিও ফুটেজ প্রকাশ, পোস্টমর্টেমের রিপোর্টের বিশদ ও তদন্তের গতি প্রকৃতি আন্দোলনকারী চিকিৎসকদের জানানো সহ তাঁদের চার দফা দাবির কথা সাংবাদিকদের সামনে তুলে ধরেন তাঁরা।

(বাইট- জুনিয়ার ডাক্তার )

পরিস্থিতি সামাল দিতে গতকাল বিকেলে আর জি কর হাসপাতালে যান কলকাতার পুলিশ কমিশনার বিনীত গোয়েল, অতিরিক্ত পুলিশ কমিশনার মুরলীধর শর্মা সহ পুলিশের কর্তা ব্যক্তিরা।

আন্দোলনকারীদের সঙ্গে বৈঠকে পর পুলিশ কমিশনার বিনীত গোয়েল সাংবাদিকদের জানান, কলকাতা পুলিশ স্বচ্ছ এবং নিরপেক্ষভাবে তদন্ত করছে। তদন্তে সন্তুষ্ট আন্দোলনকারীরা। পড়ুয়াদের দাবি দাওয়া নিয়ে কথা হয়েছে। হাসপাতালের দায়িত্বে থাকা সহকারী পুলিশ কমিশনারকে সরিয়ে দেওয়া হয়েছে। যদি আন্দোলনকারীদের কারও ওপর সন্দেহ থাকে, তাহলে তাদের জানানোর অনুরোধ করেছেন তিনি।

(বাইট-বিনীত গোয়েল)

পুলিশ কমিশনার বলেন, অনেক ভুয়ো তথ্য ছড়ানো হচ্ছে। তাতে কান না দেওয়ারও জন্য তিনি আবেদন জানিয়েছেন।

অন্যদিকে, মুরলীধর শর্মা গতকাল নিহত চিকিৎসক পড়ুয়ার বাড়িতে গিয়ে তাঁর বাবা-মার সঙ্গে দেখা করেন। পরে তিনি জানান, তদন্তের অগ্রগতি এবং ময়না তদন্তের রিপোর্টের তথ্য সম্পর্কে পরিবারকে অবহিত করা হয়েছে।

এদিকে, ঘটনার দিন দায়িত্বে থাকা দুই চুক্তিভিত্তিক নিরাপত্তারক্ষীকে কর্তব্যে অবহেলার দায়ে সাসপেন্ড করেছেন কর্তৃপক্ষ।

অন্যদিকে, আর জি কর সহ রাজ্যের বিভিন্ন মেডিকেল কলেজ হাসপাতালে জুনিয়র ডাক্তারদের কর্ম বিরতি চলায় সমস্ত মেডিকেল কলেজের সিনিয়র চিকিৎসকদের ছুটি বাতিল করা হয়েছে। যারা ছুটিতে আছেন, অবিলম্বে তাদের কাজে যোগ দিতে বলেছে স্বাস্থ্য ভবন।

প্রতিবাদ বিক্ষোভের মধ্যেই আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালের সুপার সঞ্জয় বশিষ্টকে সরিয়ে দেওয়া হয়েছে। তাঁর জায়গায় এম এস ভি পি হয়েছেন ডিন বুলবুল মুখোপাধ্যায়। রাজ্যের স্বাস্থ্য শিক্ষা অধিকর্তা কৌস্তভ নায়েক জানিয়েছেন, ডাক্তার বশিষ্টকে ন্যাশনাল মেডিকেল কলেজের ফিজিওলজি বিভাগে পাঠানো হয়েছে।

************************

আর জি কর-এর ঘটনার প্রতিবাদে কলকাতা সহ রাজ্যের বিভিন্ন মেডিকেল কলেজ হাসপাতালে গতকালও জুনিয়র ডাক্তাররা কর্মবিরতি পালন করেন ।
চলে জেলায় জেলায় প্রতিবাদ-বিক্ষোভ।

বর্ধমান, রামপুরহাট, মালদা, বাঁকুড়া, উত্তবঙ্গ সহ বিভিন্ন মেডিকেল কলেজ হাসপাতালের জুনিয়ার ডাক্তার ও স্বাস্থ্য কর্মীরা কর্মবিরতি চালিয়ে যাচ্ছেন। তবে, জরুরী পরিষেবা চালু রয়েছে।

এদিকে, পিজিটি তরুণীকে ধর্ষণ ও খুনের ঘটনায় ধৃত সঞ্জয় রায়-এর প্রভাবশালী হয়ে ওঠা নিয়ে বিজেপি-র রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার মুখ্যমন্ত্রীকেই দায়ী করেছেন।

( বাইট– সুকান্ত)

CPIM-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী বলেন, সরকার ওই নৃশংস ঘটনা ধামাচাপা দেওয়ার চেষ্টা করছে।

(বাইট- সুজন )

************************

বিজেপি আরজিকর মেডিকেল কলেজের অধ্যক্ষকে অবিলম্বে বরখাস্ত এবং তার পদ থেকে সরিয়ে দেওয়ার দাবি জানিয়েছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এক্স হ্যান্ডেলে অভিযোগ করেন, অধ্যক্ষের ভূমিকা খতিয়ে দেখা উচিত। হাসপাতালের নিরাপত্তা নিশ্চিত করতে তিনি ব্যর্থ। রাজ্যের স্বাস্থ্য দপ্তর তাকে দুবার বদলির নির্দেশ দেওয়া সত্ত্বেও তিনি ওই পদে বহাল থেকেছেন। একবার ৪৮ ঘন্টার মধ্যে তাঁর বদলির নির্দেশ বাতিল করা হয়েছে। শ্রী অধিকারী জানান, মহিলা চিকিৎসকের হত্যার ঘটনায় ভুল তথ্য দিয়ে অধ্যক্ষ বিভ্রান্ত করেছেন। তাঁর ঘনিষ্ঠরা এই ঘটনায় জড়িত রয়েছে এবং অপরাধীদের আড়াল করতেই পুলিশ তদন্ত দ্রুত শেষ করতে চাইছে বলে শুভেন্দুর আরও অভিযোগ। প্রশাসন সুষ্ঠু তদন্ত ও প্রকৃত সত্য উদঘাটন করার পরিবর্তে তা' আড়াল করতে বেশি উদ্যোগী। তাই আদালতের পর্যবেক্ষণে সিবিআই তদন্তের দাবি করেন বিরোধী দলনেতা ।

এদিকে, আর জি করের আন্দোলন নিয়ে ভাইরাল হওয়া একটি অডিও ক্লিপ নিয়ে বিতর্ক শুরু হয়েছে। ঐ অডিওর বক্তব্যের সত্যতা অস্বীকার করেছেন আন্দোলনরত চিকিৎসকরা। তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষ, ভাইরাল হওয়া অডিওটি সোশ্যাল মিডিয়ায় পোস্ট করেন।

************************

বিজেপি, আরজিকরের ঘটনায় কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডার হস্তক্ষেপ চেয়েছে। দলের রাজ্য সভাপতি, কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, শ্রী নাড্ডাকে লেখা চিঠিতে এই ঘটনার তদন্তে জাতীয় স্বাস্থ্য মিশনের টিম পাঠানোর আর্জি জানিয়েছেন। চিঠিতে শ্রী মজুমদার, ঘটনার বিবরণ দিয়ে, সিবিআই তদন্তের বিষয়ে উদ্যোগ নেওয়ার জন্যও আবেদন জানিয়েছেন কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে। তিনি বলেছেন, আরজিকর মেডিকেল কলেজে চিকিৎসকদের বিশ্রামের জন্য পৃথক ঘর না থাকায় ওই মহিলা চিকিৎসককে সেমিনার হলে থাকতে হয়েছিল। এই সমস্যার সমাধানে চিকিৎসকদের বিশ্রামের জন্য প্রয়োজনীয় কক্ষের দাবিও জানিয়েছেন তিনি।

************************

আকাশবাণী কলকাতার আঞ্চলিক সংবাদ বিভাগ, অস্থায়ী ভিত্তিতে বাংলায় এডিটর, সংবাদ পাঠক তথা অনুবাদক, রিপোর্টার এবং প্রযোজনায় সহায়তাকারী ব্রডকাস্ট অ্যাসিস্ট্যান্ট নিয়োগ করবে। প্রার্থীদের ঠিকানা হতে হবে কলকাতা ও তার কাছাকাছি এলাকায়। আবেদন জমা দেওয়ার শেষ তারিখ ১৯ শে আগস্ট। কিভাবে আবেদন করতে হবে এবং প্রার্থীদের যোগ্যতামান সংক্রান্ত বিস্তারিত তথ্যের পূর্ণাঙ্গ বিজ্ঞাপন পাওয়া যাবে আকাশবাণী সংবাদ কলকাতা ফেসবুক ও ইনস্টাগ্রাম এবং আকাশবাণী কলকাতা এক্স হ্যান্ডেল ও ওয়েবসাইটে। আকাশবাণী ভবনের মূল রিসেপশনে নোটিশ বোর্ডেও এই সংক্রান্ত বিজ্ঞাপন টাঙানো থাকবে।

************************

৭৮-তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে সারা দেশে শুরু হয়েছে ‘হর ঘর তিরঙ্গা’ অভিযান। চলবে ১৫ই আগস্ট পর্যন্ত।

অ্যান্থেম

এই কর্মসূচীর অঙ্গ হিসাবে দেশবাসীকে তাদের বাড়িতে ত্রিবর্ণ রঞ্জিত পতাকা উত্তোলন এবং তিরঙ্গার সঙ্গে সেলফি তুলে ‘হর ঘর তিরঙ্গা’ ওয়েবসাইটে তা আপলোড করার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

************************

প্রতিবেশী রাজ্য ওড়িশায় বাংলার পরিযায়ী শ্রমিকদের উপর আক্রমণের ঘটনায় রাজ্য সরকার উদ্বিগ্ন। বিষয়টি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল সরাসরি ওড়িশার মুখ্যমন্ত্রী মোহন চরণ মাঝির সঙ্গে কথা বলেন। পরিযায়ী শ্রমিকদের রাজ্যে দ্রুত ফিরিয়ে আনতে চায় রাজ্য সরকার। সে বিষয়ে দু'জনের মধ্যে কথা হয়েছে বলে জানা গেছে।

উল্লেখ্য, রাজ্যের পরিযায়ী শ্রমিকদের ওড়িশায় কয়েকটি জায়গায় বাংলাদেশী তকমা দিয়ে হেনস্থা করা হচ্ছে বলে অভিযোগ উঠেছে। এতে বিভিন্ন জায়গায় আক্রমণের মুখে পড়ছেন তাঁরা । এবার এ বিষয়ে হস্তক্ষেপ করলেন মুখ্যমন্ত্রী।

************************

শ্রাবণ মাসের আজ শেষ সোমবার। শৈবতীর্থ হিসেবে খ্যাত নদীয়ার শিবনিবাস ও দিগনগরের প্রাচীন রাঘবেশ্বর মন্দিরে শিবের মাথায় জল দিতে হাজার হাজার পুণ্যার্থীর ঢল নামে।

************************

কলকাতা সহ পশ্চিমবঙ্গের সব জেলাতেই আজ থেকে আগামী তিন দিন হালকা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস রয়েছে। আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত আকাশবাণীকে জানান, বৃষ্টির প্রাবল্য এই মুহূর্তে অনেকটা কম হলেও আজ তা' বাড়ার সম্ভাবনা। আগামী সপ্তাহে রাজ্যের সর্বত্র বৃষ্টি হতে পারে। এটা স্বাভাবিক বর্ষার বৃষ্টি, তাই মৎস্যজীবীদের জন্য কোন সতর্কবার্তা নেই।

************************

কল্যাণী ষ্টেডিয়ামে গতকাল কলকাতা প্রিমিয়ার লিগ ফুটবলে জর্জ টেলিগ্রাফ, ২-১ গোলে মোহনবাগান সুপার জায়ান্টকে হারিয়ে দিয়েছে। সেরটো ওর্ণিলেনের দেওয়া গোলে বিরতিতে মোহনবাগান ১-০-য় এগিয়ে যায়। দ্বিতীয়ার্ধে জর্জ টেলিগ্রাফের অমিত এক্কা দুটি গোল করেন।

মোহনবাগানের আট ম্যাচে পয়েন্ট ১২ । জর্জ টেলিগ্রাফের ৯ ম্যাচে পয়েন্ট ১৫ ।

*********************************************************************